দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-২৪ /২০২৪

তারিখঃ ০৪/০৪/২০২৪ খ্রিঃ

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর পত্র নং- ৫/কা:হা:চট্ট/আই.জি.এম/৩১৮৪/সংশোধনী/বিবিধ/২০২২/২৯৮৬১(৫)কাস, তারিখঃ ০২/০৪/২০২৪ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টম হাউস, চট্টগ্রাম**
Web: www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd

নথি নং: ৫/কা:হা:চট্ট/আই.জি.এম/৩১৮৪/সংশোধনী/বিবিধ/২০২২

তারিখ: ০২/০৪/২০২৪ খ্রি.।

বিষয়: **আইজিএম সংশোধনীর ক্ষেত্রে আবেদন প্রক্রিয়া এবং অন্যান্য কার্যক্রম প্রসংগে।**

সূত্র: ১) এস.আর.ও. নং: ৫৪-আইন/২০২৪/০৯/কাস্টমস, তারিখ- মার্চ ১৪,২০২৪ খ্রি.।
২) প্রজ্ঞাপন নং: ৪৭/২০২০/কাস্টমস, তারিখ: জুন ১১, ২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। ইতোপূর্বে এ দপ্তর হতে সূত্রীয় ২ নং এস.আর.ও. ৪৭/২০২০/কাস্টমস, তারিখ: জুন ১১, ২০২০ খ্রি. এর আলোকে আইজিএম সংশোধনী সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হলেও সূত্রোক্ত ১ নং এস.আর.ও. ৫৪-আইন/২০২৪/০৯/কাস্টমস, তারিখ: মার্চ ১৪, ২০২৪ খ্রি. এর মাধ্যমে তা রহিত হওয়ায় আইজিএম সংশোধনী সংক্রান্ত আবেদন ও কার্যক্রম নতুনভাবে জারিকৃত সূত্রোক্ত ১ নং এস.আর.ও. এ বিধৃত বিধিমালা অনুসরণপূর্বক দাখিলের জন্য আপনার এসোসিয়েশনের সকল সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। এর কোনোরূপ ব্যত্যয় ঘটলে উক্ত সংশোধনী আবেদন বিবেচনা করা হবে না মর্মে জানানো হলো।

স্বাঃ/
**(মোঃ আহসান উল্লাহ্)**
ডেপুটি কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে

সংযুক্তি: বর্ণনামতে ০২(দুই) পাতা।

নথি নং- ৫/কা:হা:চট্ট/আই.জি.এম/৩১৮৪/সংশোধনী/বিবিধ/২০২২/২৯৮৬১(৫)কাস

তারিখঃ ০২/০৪/২০২৪ খ্রিঃ।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ২৪, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/১৪ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৫৪-আইন/২০২৪/০৯/কাস্টমস।**—জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219, section 43 এর sub-section (5), section 44 ও section 79 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা প্রি-অ্যারাইভাল প্রসেসিং বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা সকল আমদানি পণ্যচালানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) এই বিধিমালা অবিলম্বে কাযকর হইবে তবে, ব্রেক বাল্ক কার্গো, স্ক্রাফ জাহাজ এবং অয়েল ট্যাঙ্কারের মাধ্যমে পণ্য আমদানির ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখ হইতে এই বিধিমালা কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"আইন"** অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969);

(খ) **"আমদানি মেনিফেস্ট"** অর্থ আইনের section 2 এর clause (11)- এ সংজ্ঞায়িত import manifest;

(গ) **"এজেন্ট"** অর্থ আইনের section 2 এর clause (a)- এ সংজ্ঞায়িত agent;

(ঘ) **“কমিশনার”** অর্থ আইনের section 3 এর অধীন নিযুক্ত কমিশনার অব কাস্টমস এবং, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৭৮ এর অধীন নিযুক্ত কমিশনার, মূল্য সংযোজন কর;

(ঙ) **“সিস্টেম”** অর্থ আইনের section 2 এর clause (ii)- এ সংজ্ঞায়িত customs computer system।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

(৩) **আমদানি মেনিফেস্ট দাখিল ও পণ্যচালান খালাসের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি।**—আমদানি পণ্যচালানের আমদানি মেনিফেস্ট দাখিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) জাহাজ, উড়োজাহাজ, ট্রাক, রেল কার্গো বা যে কোনো বর্ণনার কার্গো সর্বশেষ বন্দর (last port of call) ত্যাগের পূর্বেই উক্ত কার্গোর ক্যাপ্টেন, শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডার্স এজেন্ট, এয়ারলাইন্স কর্তৃপক্ষ অথবা রেল কার্গো, ট্রাক বা অন্যান্য কার্গোর ক্ষেত্রে ট্রান্সপোর্ট এজেন্ট বা কর্তৃপক্ষ বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক সিস্টেমে আমদানি মেনিফেস্ট দাখিল করিতে হইবে;

(খ) দফা (ক) এর অধীন আমদানি মেনিফেস্ট দাখিলের ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট কমিশনারেট বা কাস্টম হাউসের Import General Manifest (IGM) শাখা কর্তৃক মাস্টার বিল অব লেডিং ও হাউস বিল অব লেডিং বা মাস্টার এয়ারওয়ে বিল ও হাউস এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিপ্ট বা রেল কার্গো রিসিপ্ট, প্রযোজ্য ক্ষেত্রে, সমন্বয়পূর্বক জাহাজ, উড়োজাহাজ, ট্রাক, রেল কার্গো বা অন্যান্য কার্গোর রেজিস্ট্রেশন নম্বর প্রদানের কার্য সম্পন্ন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, জাতীয় রাজস্ব বোর্ড স্বয়ংক্রিয়ভাবে রেজিস্ট্রেশন নম্বর প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে;

(গ) দফা (খ) এর অধীন রেজিস্ট্রেশন নম্বর পাওয়ার পর আমদানি মেনিফেস্টে কোনো অসংগতি পরিলক্ষিত হইলে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্তির ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে বিধি ৪ এর বিধান সাপেক্ষে, উহা সংশোধনের আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, রাজস্ব ফাঁকি, চোরাচালান বা বাণিজ্যে অনাবশ্যক হয়রানি সৃষ্টিতে অবহেলাবশত ভুল তথ্য সংবলিত আমদানি মেনিফেস্ট প্রদান করা হইলে, তথ্য প্রদানকারী ও পূরণকারীর বিরুদ্ধে Customs Act, 1969 এর section 156 এর sub-section (1) অনুযায়ী প্রযোজ্য দন্ড আরোপ এবং, প্রযোজ্য ক্ষেত্রে, ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে;

(ঘ) স্থল শুল্ক স্টেশনের ক্ষেত্রে ট্রান্সপোর্ট অপারেটর আমদানি মেনিফেস্ট দাখিল করিতে পারিবে;

**ব্যাখ্যা।**—এই দফার উদ্দেশ্যপূরণকল্পে, **“ট্রান্সপোর্ট অপারেটর”** অর্থ কাস্টমস কর্তৃপক্ষের নিকট স্থল শুল্ক স্টেশনের ক্ষেত্রে আমদানি মেনিফেস্ট দাখিলের উদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত এজেন্ট;

(ঙ) আমদানি মেনিফেস্টের রেজিস্ট্রেশন নম্বর পাওয়ার পর আমদানিকারক বা তাহার মনোনীত এজেন্ট বিল অব এন্ট্রি দাখিল করিতে পারিবেন;

(চ) উড়োজাহাজ, জাহাজ, ট্রাক, রেল কার্গো, বা যে কোনো বর্ণনার কার্গোর আগমনের পূর্বেই প্রয়োজনীয় দলিলাদি দাখিল সাপেক্ষে, দাখিলকৃত বিল অব এন্ট্রি, সিস্টেমে রেড লেনের মাধ্যমে কায়িক পরীক্ষার জন্য নির্বাচিত বিল অব এন্ট্রি ব্যতীত, আইনে বিদ্যমান পদ্ধতি অনুসরণ করিয়া শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করিয়া রাখা যাইবে এবং, প্রযোজ্য ক্ষেত্রে, পণ্যচালান খালাসের সময় নমুনা পরীক্ষা করিয়া ঘোষণার যথার্থতা নিশ্চিত করা যাইবে তবে, ইহার মধ্যে কোনো পণ্যচালানের বিষয়ে গোপন সংবাদ থাকিলে উহা আগমনের পর, প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট সংস্থার উপস্থিতিতে বিদ্যমান আইনানুগ পদ্ধতিতে শতভাগ কায়িক পরীক্ষাপূর্বক নিষ্পত্তি করা যাইবে।

৪। **আমদানি মেনিফেস্ট সংশোধনের পদ্ধতি**।—আমদানি মেনিফেস্ট সংশোধনের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) কেবল মেনিফেস্ট দাখিলকারী আমদানি মেনিফেস্ট সংশোধনের আবেদন কমিশনার বা কমিশনার কর্তৃক নির্ধারিত যুগ্ম কমিশনার বা তদূর্ধ্ব কর্মকর্তার নিকট তথ্য সংশোধনের কারণ, প্রদত্ত তথ্য ভুল দাখিলে জড়িত ব্যক্তি বা সংস্থার বর্ণনা এবং রাজস্ব ঘাটতির সম্ভাবনা রহিয়াছে কিনা উহার ব্যাখ্যা এবং রপ্তানিকারক বা আমদানিকারকের অনাপত্তিসহ নির্ধারিত ফিস জমা প্রদান করিয়া আবেদন দাখিল করিবেন;

(খ) আবেদনপত্রের সহিত শিপিং এজেন্ট এবং সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র দাখিল করিতে হইবে এবং এলসি-বিহীন অর্থাৎ সরাসরি অর্থ পরিশোধের মাধ্যমে আমদানিকৃত পণ্যচালানের ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এ বর্ণিত বিধান প্রতিপালিত হইয়াছে কিনা উহা যাচাই করিয়া আইনানুগভাবে নিষ্পত্তি করিতে হইবে;

(গ) আমদানিকারকের নাম পরিবর্তনের ক্ষেত্রে আমদানি মেনিফেস্টে উল্লিখিত আমদানিকারকের অনাপত্তি পত্র ও সংশোধনীর মাধ্যমে যে আমদানিকারকের নাম অন্তর্ভুক্ত হইবে তাহার সম্মতিপত্র থাকিতে হইবে;

(ঘ) পণ্যচালান শতভাগ কায়িক পরীক্ষা করিয়া শুল্কায়নযোগ্য মূল্য, কান্ট্রি অব অরিজিন এবং শ্রেণিবিন্যাস সম্পর্কে যথাযথ অনুসন্ধানপূর্বক শুল্কায়ন সম্পন্ন করিতে হইবে;

(ঙ) পণ্যের কায়িক পরীক্ষাকালে কিংবা দাখিলকৃত দলিলাদিতে কোনো অনিয়ম পাওয়া গেলে পণ্যচালানের শুল্কায়ন বন্ধ থাকিবে এবং দলিলাদির সঠিকতা প্রাপ্তি সাপেক্ষে পণ্যের শুল্কায়ন ও খালাস দেওয়া যাইবে;

(চ) আমদানি মেনিফেস্টে বর্ণিত আমদানিকারক এবং সংশোধনীর মাধ্যমে যে আমদানিকারকের নাম অন্তর্ভুক্ত হইবে, প্রযোজ্য ক্ষেত্রে, উভয় ক্ষেত্রে পণ্যচালান ছাড়করণের স্থগিতাদেশ, ১ (এক) মাসের বেশি ভিন্ন কোনো নিষ্পন্নাধীন বিল অব এন্ট্রি বা Customs Act, 1969 এর section 202 অনুসারে কোনো কার্যক্রম চলমান নাই মর্মে নিশ্চিত হইতে হইবে এবং এই ধরণের তথ্য প্রাপ্ত হইলে কমিশনার শুনানি গ্রহণপূর্বক আইনানুগ পদ্ধতিতে উহা নিষ্পত্তি করিবেন;

(ছ) আমদানি মেনিফেস্টে উল্লিখিত পণ্যের মূল্য সংশোধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার পণ্য সংক্রান্ত দলিলাদি যাচাইপূর্বক আইনানুগ পদ্ধতি অনুসরণ করিয়া নিষ্পত্তি করিবেন।

৫। **পূর্ব এন্ট্রি সংক্রান্ত বিধান**।—(১) Customs Act, 1969 এর section 79 এর উদ্দেশ্যেপূরণকল্পে, যেসকল চালানের আমদানি মেনিফেস্ট এককভাবে সিস্টেমে দাখিল বা প্রেরণ করা সম্ভব নহে, সেই সকল চালানের বিল অব লেডিং, এয়ারওয়ে বিল, ট্রাক রিসিপ্ট বা রেল কার্গো রিসিপ্টের নম্বরের ভিত্তিতে বিল অব এন্ট্রি দাখিলের সুযোগ প্রদান করা যাইবে এবং এইক্ষেত্রে সিস্টেমে রেড লেন নির্বাচিত চালান ব্যতীত, দাখিলকৃত বিল অব এন্ট্রি শুল্কায়ন ও শুল্ক পরিশোধের সুযোগ পাইবে।

(২) ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা এজেন্ট কর্তৃক সিস্টেমে দাখিলকৃত আমদানি মেনিফেস্ট ও বিল অব এন্ট্রির তথ্যের সহিত পরিপূরক যাচাই সাপেক্ষে, এক্সিট নম্বর প্রদান ও পোর্ট রিলিজ নিশ্চিত করিতে হইবে।

(৩) উক্তরূপ চালান সহজে শনাক্তকরণে ভিন্ন IM Code (Import Code) ব্যবহার করা যাইবে এবং প্রচলিত পদ্ধতিতে একাধিক আমদানি মেনিফেস্ট সৃষ্ট হইলে উহার এক্সিট নম্বর প্রদানের পূর্বেই অতিরিক্ত আমদানি মেনিফেস্ট অবলোপন (write off) করিবার জন্য কাস্টম হাউজ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

৬। **বিশেষ বিধান**।—এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, দ্বিপাক্ষিক বা আন্তর্জাতিক চুক্তির আওতায় সরাসরি সিস্টেমের মাধ্যমে প্রেরিত রপ্তানি মেনিফেস্ট আমদানিতব্য পণ্যের আমদানি মেনিফেস্ট হিসাবে গণ্য করা যাইবে।

৭। **বিজনেস প্রসেস জারি সংক্রান্ত বিধান**।—এই বিধিমালার সহিত সংগতি রাখিয়া কাস্টম হাউজ বা কমিশনারেটসমূহ প্রয়োজনীয় অফিস আদেশ দ্বারা আমদানি মেনিফেস্ট দাখিলে উপযুক্ত কর্তৃপক্ষ নির্ধারণ ও সহায়ক বিজনেস প্রসেস জারি করিতে পারিবে।

৮। **রহিতকরণ**।—জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-৪৭/২০২০/কাস্টমস, এতদ্বারা রহিত করা হইলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
চেয়ারম্যান।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd